**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, কেন্দ্র ও রাজ্য সরকার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রদর্শিত পথে নারী স্বশক্তিকরণের লক্ষ্যে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে।**

**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে শস্য উৎপাদনে আরো উন্নত কৌশল ব্যবহার করার উপর গুরুত্ব আরোপ করেছেন।**

**(৩) কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রী প্রতাপরাও যাদব আজ যোগ মহোৎসব-২০২৫ এর উদ্বোধন করেছেন ।**

**(৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সাব্রুমের মনুবনকুলে ৫ দিনব্যাপী ৭৮তম মহামুনি বৌদ্ধ মেলার উদ্বোধন করেন।**

******************************************************

**IWD-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, বর্তমান কেন্দ্রীয় ও রাজ্য সরকার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রদর্শিত পথে নারী স্বশক্তিকরণের লক্ষ্যে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর আয়োজিত রাজ্যভিত্তিক আন্তর্জাতিক নারী দিবস উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি রাজ্যের মহিলাদের আত্মনির্ভর করে তুলতে রাজ্য সরকারের গৃহিত বিভিন্ন পদক্ষেপ বিস্তারিত উল্লেখ করেন।

তিনি বলেন রাজ্যে মহিলা ক্ষমতায়নের বিষয়টিকে সমন্বয়িতভাবে কার্যকর করতে রাজ্যের প্রতিটি জেলায় একটি করে “হাব ফর এমপাওয়ারমেন্ট অব ওমেন

অফিস” খোলা হয়েছে। তাছাড়া নির্যাতিতা মহিলারা যাতে এক জায়গায় সব সুবিধা পেতে পারেন তার জন্য সখী সদন খোলা হয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনায় রাজ্যে ২০১৭ সালের পয়লা জানুয়ারী থেকে বর্তমান বছরের ৬ই মার্চ পর্যন্ত ১ লক্ষ ৪২ হাজার ৭৫৯ জন গর্ভবতী ও প্রসূতী মায়েদের পুষ্টির জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। তাছাড়া মুখ্যমন্ত্রী মাতৃ পুষ্টি উপহার প্রকল্পে বর্তমান বছরের ২৮শে ফেব্রুয়ারী পর্যন্ত ২১ হাজার ৫৫১ জনকে অর্থ প্রদান করা হয়েছে। তিনি বলেন, মহিলাদের তাৎক্ষণিক সাহায্যের লক্ষ্যে চব্বিশ ঘন্টার জন্য ১৮১ নম্বরের টোল ফ্রি নম্বর চালু রাখা হয়েছে।

#######Byte-CM######

অনুষ্ঠানে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিঙ্কু রায় নারীদের কল্যানে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক উদ্যোগ বিস্তারিত উল্লেখ করে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে উল্লেখযোগ্য কাজের জন্য অঙ্গনওয়াড়ি কর্মী, সহায়িকা, আই.সি.ডি.এস সুপারভাইজার এবং সি.ডি.পি.ও-দের পুরস্কৃত করা হয়। তাছাড়া উল্লেখযোগ্য কাজের জন্য তিনজন মহিলা পুলিশ কনস্টেবলকে পুরস্কৃত করা হয়। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের অন্তর্গত সিপাহীজলা, দক্ষিণ জেলা ও পশ্চিম জেলার তিনটি নারী চেতনা কেন্দ্রকে পুরস্কৃত করা হয়।

****************************

**ICAR Programme :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে শস্য উৎপাদনে একাধিক কৌশল আরো উন্নতি করার উপর গুরুত্ব আরোপ করেছেন। প্রজ্ঞাভবনে আই.সি.এ.আর-ত্রিপুরায় আয়োজিত তিনদিনের কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে আজ রাজ্যপালের এক লিখিত ভাষণে একথা উল্লেখ করা হয়। রাজ্যে জীবিকা এবং পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করতে শস্যের উন্নতি বিষয়ে আয়োজিত এই কর্মশালায় রাজ্যপালের ভাষণে আরো বলা হয় ত্রিপুরায় বিভিন্ন ধরনের ফসলের জন্য উপযোগী বৈচিত্র্যময় কৃষি-জলবায়ু পরিবেশ গর্ব করার মত। অনুষ্ঠানে আই.সি.এ.আর ত্রিপুরা শাখার প্রধান বি.ইউ

চৌধুরী বলেন, তিনদিনের কর্মশালায় ফসল উৎপাদনের পাশাপাশি কৃষকদের রোজগার বাড়ানোর উপায় নিয়েও প্রশিক্ষণ দেওয়া হবে।

#####Byte- B U Chowdhury######

কর্মশালায় আলোচনা করেন প্রানী সম্পদ বিকাশ দপ্তরের সচিব দীপা ডি নায়ার, আইসিএআরের বিজ্ঞানী ডঃ বিনয় সিং প্রমুখ।

****************************

**Holi :**

আগামীকাল দোল পূর্নিমা ও রঙ্গের উৎসব হোলি। প্রেমাবতার ভগবান শ্রীকৃষ্ণ চৈতন্য মহাপ্রভুর আবির্ভাব তিথি। ত্রিপুরায় চিরাচরিত প্রথা অনুযায়ী দোল উৎসবের তাৎপর্য রয়েছে। রাজন্য আমল থেকে রাজ্যে হোলির নানা রকম সঙ্গীতের মধ্য দিয়ে হোলি উৎসব পালিত হয়ে আসছে। দোল পূর্নিমা ও হোলি উৎসব উপলক্ষে আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, লক্ষ্মীনারায়ন মন্দির প্রভৃতি  দেবালয়ে বিশেষ পূজা পাঠের আয়োজন করা হয়েছে। শ্রীকৃষ্ণ চৈতন্য মহাপ্রভূর আবির্ভাব তিথি উদযাপন উপলক্ষে আগরতলার সেন্ট্রাল রোড শিববাড়ি প্রাঙ্গন থেকে শ্রী শ্রী হরিভক্তি প্রচারিনী সভার উদ্যোগে আজ সন্ধ্যায় বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়েছে। গতকাল শিববাড়ি প্রাঙ্গনে হোলি উৎসব পালন করা হয়। হোলির নানা রঙ্গের আবির গুলালে ইতিমধ্যেই শহরের বিভিন্ন দোকান সেজে উঠেছে।

****************************

**Herbal Holi- Package Story :**

হোলি উৎসবের অন্যতম অনুষঙ্গ আবিরে রাসায়নিক উপাদান থাকার স্বাস্থ্যজনিত ঝুঁকি থেকে রেহাই দিতে এগিয়ে এসেছেন রাজ্যের একদল মহিলা। বিশালগড় মহকুমার লক্ষ্মীবিল গ্রামের এই মহিলারা যেমন প্রস্তুত করছেন তেমনি বিপণন করা শুরু করা শুরু করেছেন ভেষজ আবির। এনিয়ে আমাদের প্রতিবেদন -

#########VC#########

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Yog Mahotsav :**

আগামী ২১শে জুন একাদশ আন্তর্জাতিক যোগ দিবসের ১০০ দিনের প্রাক উদযাপন উপলক্ষে কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রী প্রতাপরাও যাদব আজ নতুন দিল্লিতে যোগ মহোৎসব-২০২৫ এর উদ্বোধন করেছেন। এই উপলক্ষে মন্ত্রী ঘোষণা করেন যে ১০০ দিনের মধ্যে দেশের বিভিন্ন স্থানে দশটি গুরুত্বপূর্ণ অনুষ্ঠানের আয়োজন করা হবে। তিনি আরও বলেন, এই অনুষ্ঠানের আওতায় ১০টি অংশীদার দেশের সঙ্গে যোগ বন্ধন ও যোগ বিনিময় কর্মসূচির আয়োজন করা হবে। শ্রী যাদব জানান যে দেশের ১০ হাজার স্থানে যোগ সঙ্গম কর্মসূচির আয়োজন করা হবে।

*****************************

**Bankul budha Mela :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সাব্রুমের মনুবনকুলে ৫ দিনব্যাপী ৭৮তম মহামুনি বৌদ্ধ মেলার উদ্বোধন করেন। তিনি বলেন, রাজ্য সরকার সব ধর্ম ও তাদের সংস্কৃতির প্রতি শ্রদ্ধাশীল। মহামুনি বৌদ্ধ বিহার এলাকার পর্যটনের পরিকাঠামো উন্নয়নের জন্য কেন্দ্রীয় পর্যটন মন্ত্রকে প্রস্তাব পাঠানো হবে বলে মুখ্যমন্ত্রী আশ্বাস দেন। উদ্বোধনী অনুষ্ঠানে দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক মাইলাফ্রু মগ, জেলা শাসক স্মিতা মল এম এস, জেলা পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্রশেখর প্রমুখ উপস্থিত ছিলেন।

**************************

**IWD-Unakoti :**

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, মহিলাদের অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধির জন্য রাজ্যে ৫২ হাজার ৬০০টি স্ব-সহায়ক দল বর্তমানে কাজ করছে। বর্তমান কেন্দ্র ও রাজ্য সরকার মহিলা ক্ষমতায়নের লক্ষ্যে বহুমুখী কর্মসূচির রূপায়ন করছে। ঊনকোটি জেলার ফটিকরায়ের নজরুল কলাকেন্দ্রে আজ আন্তর্জাতিক মহিলা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি গার্হস্থ্য হিংসা প্রতিরোধে ও মহিলা সশক্তিকরণের কাজে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কুমারঘাটের মহকুমা শাসক এন.এস.চাকমা, বিডিও ডক্টর সুদীপ ভৌমিক প্রমুখ। অনুষ্ঠানের সভানেত্রী ছিলেন, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুমতি দাশ। অনুষ্ঠানে দশজন মহিলাকে নিজ নিজ ক্ষেত্রে পারদর্শিতার নিরিখে সম্মাননা প্রদান করা হয়। অনুষ্ঠান শুরুর আগে এক শোভাযাত্রা ফটিকরায়ের বিভিন্ন পথ পরিক্রমা করে।

**************************

**IWD-South :**

বিলোনিয়া মহকুমা প্রশাসনের উদ্যোগে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পের মহিলা এজেন্টদের নিয়ে আজ আন্তর্জাতিক নারী দিবসের আয়োজন করা হয়। অনুষ্ঠানে

উপস্থিত ছিলেন বিলোনিয়ার মহকুমা শাসক দেবাশীষ দাস, ডিসিএম সঞ্জয় শীল।

****************************

**100 Days stop TB :**

টিবি মুক্ত ভারত অভিযানের ১০০ দিনের বিশেষ অভিযান গোমতি জেলাতেও চলছে। আজ উদয়পুরে জেলাশাসক কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেব রায় একথা জানান। তিনি জানান, এই জেলায় বর্তমানে ১২১ জন যক্ষ্মা রোগীর চিকিৎসা চলছে। এই বিশেষ অভিযানকালে গোমতি জেলায় এখন পর্যন্ত ১ লক্ষ ৩০ হাজার স্ক্রিনিং করা হয়েছে।

******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। বাকি জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে কিছু কিছু স্থানে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ারও সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৬ ডিগ্রি সেলসিয়াস।

***************************